

## আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ খায়বার ও ওয়াদিল কুরা যুদ্ধ (মুহাররম, ৭ম হিজরী) ۷ سنة المحرم في الْفُرَي (غَزْوَةُ خَيْبَرَ وَوَادِي الْفُرَي) ه))

রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

খায়বারের দুর্গসমূহ (حُصُونُ خَيْبَرَ):

খায়বারের জনবসতি দুটি অঞ্চলে বিভক্ত ছিল। একটি অঞ্চলে নিম্নলিখিত পাঁচটি দুর্গ ছিল,

১. নায়িম দুর্গ, ২. সা'ব বিন মু'আয দুর্গ, ৩. যুবাইরের কেব্বা দুর্গ, ৪. উবাই দুর্গ, ৫. নিযার দুর্গ।

এসবের প্রথম তিনটি দুর্গের সঙ্গে সংশ্লিষ্ট অঞ্চলকে নাত্বাত বলা হত। অবশিষ্ট দু'টি দুর্গের সঙ্গে সংশ্লিষ্ট অঞ্চল শাক নামে প্রসিদ্ধ ছিল।

খায়বারের জনবসতির দ্বিতীয় অঞ্চলকে কাতিবাহ বলা হত। এর মধ্যে মাত্র তিনটি দুর্গ ছিল,

১. ক্বামূস দুর্গ, (এটা বনু নায়ীর গোত্রের আবুল হুকাইক্বের দুর্গ ছিল)। ২. ওয়াতীহ দুর্গ, ৩. সুলালিম দুর্গ।

উপরি উল্লেখিত ৮টি দুর্গ ছাড়াও খায়বারের ছোট বড় আরও কিছু সংখ্যক দুর্গ এবং ঘাঁটি ছিল। কিন্তু শক্তি সামর্থ্য ও নিরাপত্তার ব্যাপারে এ সকল দুর্গ পূর্বোক্তগুলোর সমপর্যায়ের ছিল না। তুলনামূলকভাবে এ দুর্গগুলো ক্ষুদ্রাকারের ছিল।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=6341>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন